

বিদেশে চিকিৎসার জন্য বিদেশি মুদ্রা বিক্রয়ের ক্ষেত্র উদারীকরণ
এ-পি (ডি-আই-আর সিরিজ) বিজ্ঞপ্তি নং ১৭ (সেপ্টেম্বর ১২, ২০০২)
ভারতীয় রিজার্ভ ব্যাংক
বিদেশি মুদ্রা বিনিময় বিভাগ
কেন্দ্রীয় কার্যালয়
মুম্বাই ৪০০ ০০১

এ-পি (ডি-আই-আর সিরিজ) বিজ্ঞপ্তি নং ১৭

সেপ্টেম্বর ১২, ২০০২

প্রতি,
বিদেশি মুদ্রা বিনিময়ের সকল অনুমোদিত ব্যবসায়ীগণ

মহাশয় / মহাশয়া

বিজ্ঞপ্তি নং G.S.R.381(E) তারিখ মে ৩, ২০০০-র ৩ নং ধারার ৯ নং বিষয় অনুযায়ী সকল অনুমোদিত বিদেশি মুদ্রা বিনিময়ের ব্যবসাদারদের মনোযোগ আকর্ষণ করা হচ্ছে যে যে বিজ্ঞপ্তির কারণে তারা বিদেশে চিকিৎসার জন্য দেশীয় বাসিন্দাদের বিদেশি মুদ্রা বিনিময়ের সুবিধা প্রদান করতে পারে যা ভারতীয় কোন চিকিৎসকের অথবা স্বাস্থ্যকেন্দ্র / বিদেশী কোন চিকিৎসকের দরপত্র দাখিল করার মাধ্যমে।

২। অধিবাসীদের চিকিৎসার জন্য বৈদেশিক বিনিময় পাওয়ার ক্ষেত্রে কোন বানবাট অথবা কোন রকম সময় অপচয় না হবার লক্ষ্যে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে যে বৈদেশিক বিনিময়ের অনুমোদিত ব্যবসাদারগণ যে কোন সময় বিদেশে চিকিৎসার জন্য ৫০,০০০ আমেরিকান ডলার অথবা তার সমতুল্য মঞ্জুর করতে পারেন স্বাস্থ্যকেন্দ্র বা চিকিৎসকের কাছ থেকে কোনরকম মূল্য বিচার পত্র পাওয়ার অপেক্ষা না করে।

৩। তদনুযায়ী, বৈদেশিক বিনিময়ের অনুমোদিত ব্যবসাদারগণ ৫০,০০০ আমেরিকান ডলার অথবা তার সমতুল্য মঞ্জুর করতে পারেন বিদেশে কোন ভারতীয়ের চিকিৎসার জন্য, এ বিষয়ে আবেদনকারীর ঘোষণাপত্রে এই মর্মে ঘোষণা থাকবে যে তিনি বিদেশে চিকিৎসার জন্য বৈদেশিক বিনিময় গ্রহন করেছেন এবং ঐ বৈদেশিক বিনিময় সম্পন্ন করার জন্য তিনি চেক দেবেন অথবা আবেদনকারীর অ্যাকাউন্টে ঋণ হিসাবে হবে অথবা ডিমান্ড ড্রাফটের মাধ্যমে।

৪। অনুমোদিত ব্যবসায়ীগণ তাদের সংশ্লিষ্ট নির্বাচকের জ্ঞাতার্থে এই বিজ্ঞপ্তির প্রতিলিপি আনতে পারে।

৫। এই বিজ্ঞপ্তির অন্তর্গত নির্দেশাবলী উদ্ভূত হয়েছে ফরেন এক্সচেঞ্জ ম্যানেজমেন্ট অ্যাক্ট ১৯৯৯ (১৯৯৯ -এর ৪২ নং) এর ধারা ১০(৪) এবং ধারা ১১(১) অনুযায়ী।

ইতি ভবদীয়

গ্রেস কোশি
চীফ জেনারেল ম্যানেজার